………………………………………এর-ছুটির হিসাব

১৯৫৫ সনে নির্ধারিত ছুটি বিধির

চাকুরীতে যোগদানের তারিখ………………………… [তদানীন্তন পাকিস্তান সরকারের অর্থ ম ণালয়, ও, এম নং এফ ২৩(৩৮) অ

পূর্ব প্রযোজ্য ছুটি সংক্রান্ত বিধিসমূহ………………… [বিঃ দ্রঃ—ফরম পূরণ করার নির্দেশ

| যতদিন চাকরী করা হইয়াছে (কার্য্যকালীন সময়) | | | | | অর্জিত ছুটি | | | জমাকৃত ছুটি | | | | | | | | | | | | | | | বেতনের গড়। | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | গড় বেতনের ৪র্থ কলামের ১/১১ দিন হিসাব ৪ নং কলামে (১/২২ দিন হিসাবে চতুর্থ শ্রেণীর কর্মচারীর জন্য) | | | অর্ধ বেতনের গড়ে ৪র্থ কলামের ১/১১ দিন হিসাবে ৪ নং কলামে (১/২২ হিসাবে চতুর্থ শ্রেণীর কর্মচারীর জন্য) | | | পূর্ণ বেতনের গড়ে উর্দ্ধ ৪ মাস (২ মাস চতুর্থ শ্রেণীর কর্মচারীর জন) (কলাম ১৬+৫) | | | পূর্ণ বেতনের গড়ে ৪ মাসের অতিরিক্ত (২ মাস চতুর্থ শ্রেণীর কর্মচারীর জন্য) (কলাম ২০+১৬+৫—৭) | | | যোগ (কলাম ৭+৮) | | | অর্দ্ধ বেতনের গড়ে (কলাম ২২+৬) | | | বাংলাদেশ, বার্মা, শ্রীলঙ্কা এবং ভারতের বাহিরে থাকা উপলক্ষে তারিখ | | ৭ নং কলাম অনুসারে বর্ণিত | | | চিকিৎসকের প্রমাণ পত্র/হজ্ব উপলক্ষে, শিক্ষা অথবা বিশ্রাম এবং চিত্তবিনোদনে বাংলাদেশের বাহিরে যথা বার্মা, সিংহল, ভারত ৮নং কলামসহ (কলাম নং ১২+১৩ একত্রে ৬ মাসের উর্দ্ধে নহে) | | | ১০ নং কলাম অনুসারে চিকিৎসা প্রমাণ পত্রে উর্দ্ধে ১২ মাস বেতনের গড়ে | |
| ২ | ৩ | ৪ | | | ৫ | | | ৬ | | | ৭ | | | ৮ | | | ৯ | | | ১০ | | | ১১ | | ১২ | | | ১৩ | | | ১৪( | |
| হইতে | পর্যন্ত | বৎসর | মাস | দিন | বৎসর | মাস | দিন | বৎসর | মাস | দিন | বৎসর | মাস | দিন | বৎসর | মাস | দিন | বৎসর | মাস | দিন | বৎসর | মাস | দিন | হইতে | পর্যন্ত | বৎসর | মাস | দিন | বৎসর | মাস | দিন | বৎসর | মাস |
| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |

…ধীনে ছুটির হিসাব ফরম

…-(২)/৫৫, তারিখ ২১শে মে, ১৯৫৭ মোতাবেক অনুমোদিত]

পরবর্তী পৃষ্ঠায় দ্রষ্টব্য]

৪। ৫৭/৬০ বৎসরে উপনীত হওয়ার তারিখ……………………

৫। ১৯৫৫ সনের নির্ধারিত ছুটি বিধির আওতাভুক্ত হওয়ার তারিখ……………………

| …টি লওয়া হইয়াছে। | | বেতনের অর্দ্ধ গড় | | | ছুটি ভোগ করার পর যাহা অবশিষ্ট থাকে | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| (৬ মাস চতুর্থ শ্রেণীর কর্মচারীর জন্য) সম্পূর্ণ কার্যকালীন গড় বেতনে। অর্ধ বেতনের গড়ে ১৪এ নং কলামের দ্বিগুণ। | তারিখ | কলাম নং ১০ অনুসারে | অনর্জিত ছুটি (সমস্ত কার্য্যকালীন সময়ে উর্ধে ১২ মাস যদি চিকিৎসা প্রমাণপত্র দ্বারা প্রমাণিত হয় অথবা ৩ মাস ১২/৩ মাস সীমা ক্রমবর্ধিষ্ণু নহে অর্থাৎ উর্ধে ১২ মাস)। | যোগ কলাম ১৪(বি)+১৬+১৭ | পূর্ণ বেতনের গড়ে ছুটি উর্দ্ধে ৪/২ মাস (কলাম ৭—১২) | পূর্ণ বেতনের গড়ে ছুটি ৪/২ মাসের অতিরিক্ত (কলাম ৮—১৩) | যোগ (কলাম নং ১৯+২০) | অর্দ্ধ বেতনের গড়ে ছুটি (কলাম নং ১০—১৮) | মন্তব্য। | গেজেটেড অফিসার দ্বারা সত্যায়িত। |
| ১৪(বি) | ১৫ | ১৬ | ১৭ | ১৮ | ১৯ | ২০ | ২১ | ২২ | ২৩ | ২৪ |
| বৎসর / মাস / দিন | হইতে / পর্যন্ত | বৎসর / মাস / দিন | বৎসর / মাস / দিন | বৎসর / মাস / দিন | বৎসর / মাস / দিন | বৎসর / মাস / দিন | বৎসর / মাস / দিন | বৎসর / মাস / দিন | | |

# ছুটির হিসাব ফরম পূরণ করিবার ব্যাখ্যামূলক নির্দেশাবলী

১। স্থায়ী সরকারী কর্মচারী, অথবা অস্থায়ী সরকারী কর্মচারীবৃন্দ যাহারা ১৯৫৩ সালের ৩১শে ডিসেম্বর পর্যন্ত একাধারে তিন বৎসর অথবা ততোধিক সময় চাকুরী করিয়াছেন তাঁহারা যদি ১৯৫৫ সালের নির্ধারিত ছুটি বিধির আওতায় আসিতে পছন্দ করেন তবে তাহাদের ক্ষেত্রে ছুটির হিসাব (১৯৫৩ সালের ৩১শে ডিসেম্বর পর্যন্ত) ১৯৩০ সনের জাতীয় রেল ছুটি বিধিসহ আইনে অর্জিত ছুটি বলিয়া আরম্ভ করিতে হইবে এবং তাহা ১—৪ নং কলামের মধ্যে লিখিতে হইবে। ১৯৩৩ সালের সংশোধিত ছুটি বিধির অধীনে অর্জিত ছুটি অথবা অন্য কোন ছুটি আইনে অর্জিত পূর্ণ বেতনের গড় ছুটি ১৯৩০ সনের জাতীয় রেল বিধির ছুটি যদি ঐ তারিখে পাওনা থাকে তবে তাহা ১৯ নং কলামে উল্লেখ করিতে হইবে যদিও তাহাদের ক্ষেত্রে সমস্ত ছুটি ৪ মাস ও ২ মাসের অধিক হয়, এবং যদি ১৯৫৩ সনের ৩১শে ডিসেম্বর যাহাদের ক্ষেত্রে প্রযোজ্য ছুটি বিধির অধীনে যাহাদের গড় বেতনে ছুটি এইরূপ সীমা নির্দ্ধারিত সীমার অধিক ছুটিও অর্জিত থাকিতে পারিবে। অবশ্য যাহাদের ছুটি সংশোধিত বিধিতে সাধারণ ছুটি বিধির দ্বারা নিয়ন্ত্রিত হয় তাহাদের ক্ষেত্রে ১/১১ দিন হিসাবে ১৯৫৩ সালের ৩১শে ডিসেম্বর পর্যন্ত সম্পূর্ণ অর্জিত ছুটি পূর্ব বর্ণিত ১৯ নং কলামে উল্লেখ করিতে হইবে এবং এক বৎসর পর্য্যন্ত সীমাবদ্ধ অবশিষ্ট ২/১১ দিন ছুটি (হইতে পর্যন্ত সীমাবদ্ধ) এক বৎসর পর্যন্ত সীমাবদ্ধ ছুটি হইতে গড় বেতনে যাহা ভোগ করা হইয়াছে তাহা বিয়োগ করিয়া ২০ নং কলামে লিখিতে হইবে। যদি ১৯ নং কলামেও পূর্ণ বেতনের গড় ছুটি ৪ মাসের/২ মাসের অধিক হয় তবে ১৯৫৪ সালের ১লা জানুয়ারীতে বা পরের পূর্ণ বেতনের গড়ে অর্জিত সমস্ত ছুটি ৮নং কলামে সেই সময় পর্যন্ত জমা করিতে হইবে যতক্ষণ ১৯ নং কলামে অর্জিত ছুটি ৪ মাস/২ মাসের কম হয়।

অর্ধ বেতনের গড়ে অর্জিত ছুটি যাহা ১৯৫৪ সালের ১লা জানুয়ারী পর্যন্ত অর্জিত ছুটি হিসাবে ধরা হইবে তাহা ১৯৫৪ সালের ১লা জানুয়ারীর পূর্ব্ব পর্যন্ত কার্যকালীন সময়ের ১/২২ অথবা ১/১২ দিন হিসাবে যথাক্রমে চতুর্থ শ্রেণীর সরকারী কর্মচারী ও উর্দ্ধতন সরকারী কর্মচারীর ক্ষেত্রে করিতে হইবে এবং ইতিপূর্ব্বে ভোগ করা হইয়াছে। যথা চিকিৎসা পূর্ণ বেতনের গড়ে ছুটি বা অর্জিত ছুটি যাহা ৩১-১২-১৯৫৩ পর্য্যন্ত প্রযোজ্য ছুটি বিধির অধীনে প্রমাণ পত্র দ্বারা অর্ধ-বেতনের গড়ে ছুটি অথবা ব্যক্তিগত কারণে যে ছুটি ভোগ করা হইয়াছে তাহা ব্যতীত বা ছুটির দিন বাদ দিয়া ২২নং কলামে লিখিতে হইবে।

২। যে সমস্ত অস্থায়ী সরকারী কর্মচারী যাহারা ১৯৫৩ সালের ৩১শে ডিসেম্বর পর্যন্ত একাধারে তিন বৎসর চাকুরী করেন নাই যদি তাহারা ১৯৫৫ সালের নির্দ্ধারিত ছুটি বিধির আওতায় আসিতে চাহেন এবং যাহারা ঐ তারিখের পরে চাকুরীতে বহাল হইয়াছেন যখন হইতে তাহারা ঐ বিধিগুলির সুবিধাদি ভোগের উপযুক্ত হন, তাহাদের ছুটির হিসাব যে তারিখে তাহারা অস্থায়ী চাকুরীর তিন বৎসর পূর্ণ করিবে অথবা চাকুরীতে স্থায়ী হইবে। (যাহা আগে হইবে) ঐ তারিখ হইতে ১৯ নং হইতে ২০ নং কলামে অনুরূপ এন্ট্রি কপিসহ আরম্ভ করিতে হইবে।

একজন অস্থায়ী সরকারী কর্মচারী বিশিষ্ট ছুটি বাদে যখন অবিচ্ছিন্নভাবে ছুটিসহ কিন্তু বিশিষ্ট ছুটি বাদে যখন তিন বৎসর পূর্ণ করিবেন অথবা যখন তাহাকে একটি স্থায়ী পদে তিন বৎসর পূর্ণ করিবার পূর্বেই বহাল করা হইবে, সেই ক্ষেত্রে ১৯৩৩ সালের সংশোধিত ছুটি বিধি প্রযোজ্য হইবে, অথবা নির্দ্ধারিত ছুটি বিধি প্রবর্তনের প্রযোজ্য হওয়ার পূর্ব্বে অথবা ১৯৫৩ সালের ১লা ডিসেম্বর এইরূপ ব্যক্তিগণের ক্ষেত্রে প্রযোজ্য অন্যান্য বিধিসমূহ প্রযোজ্য হইবে (১৯৫৫ সালের নির্ধারিত ছুটি বিধি অনুসারে) ৩(২) (বি) ধারা।

পূর্ব্বে যে সমস্ত ছুটির প্রারম্ভিক ভুক্তি দেখান হইল, নিম্নবর্ণিত পদ্ধতিতে তাহাদের হিসাব করিতে হইবে:—

(I) যাহারা ১-১-১৯৫৪ সনে কর্মরত ছিল কিন্তু অবিচ্ছিন্নভাবে তিন বৎসর অস্থায়ী চাকুরী পূর্ণ করিয়াছিল অথবা ১-১-১৯৫৪ ইং পরে স্থায়ী পদে বহাল হইয়াছিল। (১) তাহাদের ক্ষেত্রে পূর্ণ বেতনের গড়ে ছুটি এবং অর্দ্ধ বেতনে গড় ছুটি যাহা হিসাব করা হইয়াছে তাহা সংশোধিত ছুটি আইনের ৪(২) ধারা মোতাবেক জের হিসাবে টানা হইবে।

## যোগ

(২) পূর্ণ বেতনের গড়ে ছুটি এবং অর্দ্ধ বেতনের গড়ে ছুটি যাহা স্থায়ী সরকারী কর্মচারীর প্রতি প্রযোজ্য ছুটি বিধি অনুসারে প্রযোজ্য হারে ১-১-১৯৫৪ সালের পরে ৩ বৎসর অস্থায়ী অবিচ্ছিন্ন চাকুরী পূর্ণ হওয়ার তারিখ পর্য্যন্ত হইয়াছে অথবা যে তারিখে স্থায়ী পদে বহাল করা হইয়াছে (যদি পূর্ব্বে হয়) অর্জন করা হইয়াছে।

## বিয়োগ

(৩) পূর্ণ বেতনের গড়ে এবং অর্দ্ধেক বেতনের গড়ে যে ছুটি ১-১-১৯৫৪ ইং তারিখে অথবা ইহার পরে লওয়া হইয়াছে।

(II) যাহারা ১-১-১৯৫৪ তারিখের পরে চাকরীতে যোগদান করিয়াছে তাহাদের ক্ষেত্রে:—

(১) নির্দ্ধারিত ছুটি বিধির অধীনে স্থায়ী সরকারী কর্মচারীদের ক্ষেত্রে প্রযোজ্য হারে চাকুরী শুরু হইতে পূর্ণ বেতনের গড়ে অর্জিত ছুটি।

## বিয়োগ

(২) যে ছুটি পূর্ণ বেতনের গড়ে এবং অর্দ্ধ বেতনের গড়ে চাকুরীতে নিয়োগের তারিখ হইতে অবিচ্ছিন্ন অস্থায়ী চাকুরী তিন বৎসর অথবা চাকুরীতে স্থায়ী হওয়ার তারিখ পর্য্যন্ত (যেটাই প্রথমে হউক) নওয়া হইয়াছে।

(৩) যখন কোন সরকারী কর্মচারী ছুটির জন্য আবেদন করে তখন ২ নং কলাম হইতে ১০ নং কলাম পর্য্যন্ত পূরণ করিতে হইবে। কলাম নং ২ হইতে ৯ কলাম পর্যন্ত যে তারিখ হইতে সরকারী কর্মচারী ছুটিতে যাইতে ইচ্ছুক ঐ তারিখের পূর্ব্বে হইতে

এবং উহা ৬ নং কলামে দেখাতে হইবে। ১৯ নং কলামের জের+অর্জিত ছুটি (৫ নং কলাম অনুসারে) উর্দ্ধে ৪/২ মাস পর্য্যন্ত উর্দ্ধতন চতুর্থ শ্রেণীর কর্মচারীদের ক্ষেত্রে ৭ নং কলামে লিখিতে হইবে। ২০ নং কলামের জের এবং ৫ নং কলাম অনুসারে অর্জিত অবশিষ্ট ছুটি (যদি কিছু থাকে তবে) ৮ নং কলামে লিখিতে হইবে (যথা কলাম নং ২০+১৯+৫—৭)। ৭ হইতে ১০ নং কলাম সংখ্যায় সরকারী কর্মচারীর জমাকৃত ছুটি প্রদর্শন করিবেন।

এক কালীন সর্ব্বোচ্চ ছুটি নির্দ্ধারিত সর্ব্বোচ্চ সীমাসাপেক্ষ হইবে যথা ৪/২ মাস পূর্ণ বেতনের গড়ে ৭ নং কলাম এবং ৮ নং কলাম অনুসারে ৬ মাস অথবা এবং ৮ নং কলামের যোগ করিয়া মঞ্জুর করা যাইবে। যখন ৭ নং এবং ৮ নং কলাম যোগ করা হইবে তখন ৮ নং কলামের সময়টি চিকিৎসা প্রমাণ পত্র থাকিতে হইবে অথবা ঐ সময়টা বাংলাদেশ, বার্মা ও শ্রীলংকা এবং ভারতে কাটানোর প্রমাণ থাকিতে হইবে। যখন পুরা ৬ মাস ছুটি ৮ নং কলাম হইতে লওয়া যাইবে, তখন সমস্ত সময়টা চিকিৎসা প্রমাণ পত্রের আওতায় থাকিবে অথবা বাংলাদেশের বাহিরে কাটানোর প্রমাণ থাকিতে হইবে। ৭ হইতে ১০ নং কলামে উর্দ্ধে ১ বৎসর পর্য্যন্ত ছুটি একসঙ্গে লওয়া যাইতে পারে, যথা ২/৪ মাস যাহা ৬ মাস পর্যন্ত গ্রহণযোগ্য অথবা ৮ নং কলাম মোতাবেক ৬ মাস পূর্ণ বেতনের গড়ে লওয়া যাইতে পারে এবং জের ৮/১০ মাস (অথবা ৬ মাস) অর্দ্ধ বেতনের গড়ে লওয়া যাইতে পারে কিন্তু যদি চিকিৎসা প্রমাণ পত্রের দ্বারা লওয়া গড়ে সর্বোচ্চ ছুটি হয় তবে উহা ২ বৎসর পর্য্যন্ত বর্দ্ধিত করা যাইতে পারে যথা ৬ মাস পূর্ণ বেতনের গড়ে এবং দেড় বৎসর অর্দ্ধ বেতনের ছুটি যেমন এক বৎসর অথবা ২ বৎসরের মধ্যে বিশিষ্ট ছুটি অন্তভুক্ত হইবে না।

১০ নং কলামে অর্দ্ধ বেতনের গড়ে অর্জিত জমাকৃত ছুটি চতুর্থ শ্রেণীর সরকারী কর্মচারীগণ কেবলমাত্র চিকিৎসা প্রদান পত্র দ্বারা উপভোগ করিতে পারিবে।

## অবসর গ্রহণ পূর্বকালীন ছুটির সর্ব্বোচ্চ সীমা

উর্দ্ধতন সরকারী কর্মচারীর ক্ষেত্রে উহা ১ বৎসর। ইহার অর্দ্ধেক পূর্ণ বেতনের গড়ে এবং অর্দ্ধেক বেতনের গড়ে নিম্নবর্ণিত নিয়মে হইবে:—

পূর্ণ বেতনের গড়ে ৪ মাস পর্য্যন্ত (যদি পাওনা থাকে) এবং যদি অফিসার হজ্ব উপলক্ষে অথবা চিত্তবিনোদনের জন্য বাহিরে যায় তবে আরো ২ মাস (যদি পাওনা থাকে) লইতে পারিবে। (পূর্ণ বেতনের গড়ে অতিরিক্ত ২ মাস ছুটি চিকিৎসা প্রমাণ পত্র দ্বারা লওয়া যাইবে না কেননা অফিসার ছুটি শেষে কাজে যোগদান করিবেন না)। ১ বৎসর ছুটির জের (যথা ৪ মাস বা ৬ মাস যাহাই হউক না কেন) উহা অর্দ্ধ বেতনের গড়ে হইবে।

অবসর গ্রহণের প্রস্তুতি ছুটি চতুর্থ শ্রেণীর কর্মচারীর পূর্ণ বেতনের গড়ে ২ মাস হইবে (যদি পাওনা থাকে) উহা ৬ মাস পর্য্যন্ত বর্দ্ধিত করা যাইবে যদি ৪ মাস হজ্ব উপলক্ষে বাহিরে কাটায়।

(৪) যখন সরকারী কর্মচারী ছুটি হইতে ফেরত আসে তখন কলাম নং ১১ হইতে ২২ নং কলাম পর্য্যন্ত পূরণ করিতে হইবে। পূর্ণ বেতনের গড়ে ৪ মাস/২ মাসের সর্বোচ্চ সীমা মোতাবেক যে ছুটি লওয়া হইয়াছে তাহা ১২ নং কলামে লিখিতে হইবে যাহা চিকিৎসা প্রমাণ পত্রের আশ্রয়ে অথবা হজ, শিক্ষা, বিশ্রাম এবং চিত্তবিনোদনের জন্য বাংলাদেশ, বার্মা, শ্রীলঙ্কা এবং ভারতের বাহিরে ভ্রমণের উদ্দেশ্যে যে ছুটি লওয়া হয় তাহা ১৩ নং কলামে লিখিতে হইবে। চিকিৎসা প্রমাণ পত্র দ্বারা যে অর্দ্ধ বেতনের গড়ের ছুটি পূর্ণ বেতনের গড়ে পরিবর্ত্তিত করিয়া লওয়া হইয়াছে তাহা ১৪ নং কলামে লিখিতে হইবে এবং ইহার দ্বিগুণ ১৪(খ) নং কলামে লিখিতে হইবে এবং সর্ব্বোচ্চ ১২/৬ মাস (সমস্ত চাকুরী জীবনে) পূর্ণ বেতনের গড়ে পরিবর্তন করা যাইবে। অর্দ্ধ বেতনের গড়ে ছুটি লওয়া হইয়াছে তাহা ১৬ নং কলামে লিখিতে হইবে এবং কলাম নং ১৪বি,+১৬+১৭ এর যোগফল ১৮ নং কলামে লিখিতে হইবে। ১৭ নং কলাম মোতাবেক ছুটি অবসর গ্রহণের প্রস্তুতি ছুটির ক্ষেত্রে প্রযোজ্য হইবে না।

(৫) যদি অর্দ্ধ বেতনের গড়ে পাওনা ছুটি এইরূপ জমাকৃত ছুটি পরিমাণের চেয়ে বেশী হয়, তবে যাহা অতিরিক্ত লওয়া হইবে তাহা লাল কালি দ্বারা ১৭ নং এবং ২২ নং কলামে দেখাইতে হইবে। যখন কোন সরকারী কর্মচারী প্রাপ্য হয় নাই এমন ছুটি ভোগ করিয়া আসে তবে তাহার নামে ঐ পর্য্যন্ত কোন ছুটি জমা হইবে না, যে পর্য্যন্ত সে ছুটি পাওয়ার পরে যতদিন ছুটি ভোগ করিয়াছে ততদিনের ছুটি অর্জন না করে, অর্থাৎ তিনি ৬ কলামে যে ছুটি অর্জন করিবেন ভোগকৃত ছুটি বাদ দিয়া তাহা ১৭ নং কলামে লিখিতে হইবে। ১৯ নং এবং ২০এ নং কলামে পূর্ণ বেতনের গড়ে যে ছুটি পাওনা হইবে, তাহা ২২ নং কলামে খরচ দেখানো সত্ত্বেও স্থিত থাকিবে কিন্তু যে পরিমাণ অপ্রাপ্য ছুটি ভোগ করা হইয়াছে সে পরিমাণ নূতন ছুটি অর্জন না করা পর্য্যন্ত উহা ভোগ করিতে পারিবে না। ১৯৫৫ সনের নির্দ্ধারিত ছুটি বিধির ৫ নং ধারা অনুসারে সমস্ত চাকুরী জীবনে ২/৩ মাস অপ্রাপ্য ছুটি ভোগ করিতে পারিবে।

(৬) পীড়া ছুটি, প্রসূতি ছুটি, হাসপাতাল ছুটি, শিক্ষা ছুটি, অসাধারণ ছুটি এবং কোয়ারেনটাইন ছুটি ২৩ নং কলামে উল্লেখ করিতে হইবে।